

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪৯৪

পর্ব-১৬: কিসাস (প্রতিশোধ) (ত্যান্)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - দিয়াত (রক্তপণ)

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: جَعَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَصَابِعَ الْيَدَيْنِ وَالرِّجْلَيْنِ سَوَاء. رَوَاهُ أَبُو دَاؤُد وَالتِّرْمِذِي

বাংলা

৩৪৯৪-[৯] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উভয় হাত ও উভয় পায়ের অঙ্গুলিসমূহের রক্তপণ সমপরিমাণ নির্ধারণ করেছেন। (আবূ দাউদ ও তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৪৫৬১, তিরমিয়ী ১৩৯১, ইরওয়া ২২৭১, সহীহ আল জামি ১০১২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীস থেকে জানা যায় যে, কিসাস গ্রহণের ক্ষেত্রে সমতা রক্ষা করতে হবে, তবে আঙ্গুলের কিসাস গ্রহণের বেলায় হাত ও পায়ের আঙ্গুলকে সমপর্যায়ের বিবেচনা করা হয়েছে। কিসাস গ্রহণের ক্ষেত্রে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম হাত ও পায়ের আঙ্গুলসমূহকে একই পর্যায়ের নির্ধারণ করছেন। ('আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৪৫৫১; তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১৩৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন